EIIN : ১০৯৬৭৮
কলেজ কোড : ৬৯২৫
জাবি : ৬১১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি শেখ মুজিবুর রহমান কলেজ
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
স্থাপিত ঃ ১৯৮৬ ইং

ফোন ঃ ০১৩০৯-১০৯৬৭৮

E-mail: gov.skmujibcollege@gmail.com
Web-site: www.govtskmrc.edu.bd

তারিখ : ০৭/০৫/২০২৪খ্রি.

# "শিক্ষা বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি"

গোপালগঞ্জ জেলা পরিষদ হতে ২০২৩ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/ সমমান পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন বৃত্তি প্রদানের জন্য জেলা পরিষদের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

## শর্তাবলিঃ

১. আবেদনকারী ছাত্র-ছাত্রীকে অবশ্যই গোপালগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।

২. আবেদনকারী শিক্ষার্থীকে অভিভাবকের আয়ের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে

৩. আবেদনকারী শিক্ষার্থীকে ২০২৩ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/ সমমান পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত হতে হবে। তবে মুক্তিযোদ্ধা পোষ্য ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে জিপিএ-৪.৫০ প্রাপ্ত হতে হবে।

৪. আবেদনপত্রের নমুনা জেলা পরিষদ, কার্যালয়, গোপালগঞ্জ / কলেজ অফিস হতে অফিস চলাকালীন সময়ে অথবা http://zp.gopalganj.gov.bd/ বিনা মূল্যে সংগ্রহ করা যাবে।

৫. আবেদনপত্রে বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ বিভাগীয় প্রধানের সুপারিশ থাকতে হবে।

৬. সঠিক ভাবে পূরণকৃত আবেদনপত্র চাহিত কাগজপত্রসহ আগামী ৩০/০৫/২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালী সরাসরি/ ডাকযোগে জেলা পরিষদ কার্যালয়, গোপালগঞ্জ-এ পৌছাতে হবে।

০৭। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে ঃ

ক) এসএসসি/সমমান ও এইচএসসি/ সমমান পরীক্ষার মূল সনদ/নম্বরপত্রের ফটোকপি

খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি যা অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে।

গ) পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক (অভিভাবক চাকুরিজীবী হলে) অভিভাবকের বার্ষিক আয় ও পেশা সংক্রান্ত প্রত্যয়নপত্র।

ঘ) মুক্তিযোদ্ধা পোষ্য প্রমাণের জন্য মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয় হতে প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

কোন তথ্যের প্রয়োজন হলে জেলা পরিষদ কার্যালয় গোপালগঞ্জ হতে জানা যাবে।

০৭.০৫.২৪

(দুলাল কিশোর বর)
আইডি নং-২২২৫৭
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি শেখ মুজিবুর রহমান কলেজ
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

ফেজবুক পেজ-Principal Govt. Sheikh Mujibur Rahman College, Tungipara